

“প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক অভিভাবক কমিটি (PTA)”

প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার ৪- ১১ বছর বয়সী সকল শিশুর পিতা- মাতা/ অভিভাবক এবং সকল শিক্ষক এই শিক্ষক অভিভাবক কমিটির প্রাথমিক সদস্য থাকবেন। এই কমিটির সদস্য সংখ্যা হবে ১০ জন (দশ)।

শিক্ষক অভিভাবক কমিটি

PTA (Teachers Parents Association)

ছান্নেহ আহম্মদ
স্নেহবাগ, নোয়াখালী
০১৭২৭-২৩২৩৬০

ক্রমিক নম্বর	ক্যাটাগরি	পদবি
১	সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয় শিক্ষক অভিভাবক সমিতির সাধারণ সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন সদস্য।	সভাপতি
২	সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয় শিক্ষক অভিভাবক সমিতির সাধারণ সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন সদস্য।	সহ-সভাপতি
৩	সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (পদাধিকার বলে)।	সদস্য -সচিব
৪	সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্য থেকে সাধারণ সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন শিক্ষক।	সদস্য
৫-৭	সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকগণের মধ্য থেকে সাধারণ সদস্যগণ কর্তৃক নির্বাচিত ৩ জন পুরুষ অভিভাবক।	সদস্য
৮-১০	সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকগণের মধ্য থেকে সাধারণ সদস্যগণ কর্তৃক নির্বাচিত ৩ জন মহিলা অভিভাবক।	সদস্য

শিক্ষক অভিভাবক (PTA)সমিতির সাধারণ সভা বছরে অন্তত ২ (দুইবার) অনুষ্ঠিত হবে। শিক্ষক অভিভাবকদের মধ্যে সু সম্পর্ক তৈরি করে বিদ্যালয়ের কল্যাণে সকল কার্যক্রমে সহযোগিতা করাই এই কমিটির মূল উদ্দেশ্য। ম্যানেজিং কমিটি ও শিক্ষক অভিভাবক সমিতি একে অপরের সম্পূর্ণক হিসেবে স্কুলের উন্নয়ন মূলক কাজে সহযোগিতা করবেন। উভয় কমিটির যুগ্ম সভা আহ্বান করে স্কুলের সার্বিক উন্নয়নের জন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। নির্বাহী কমিটির নিয়মিত সভায় নির্বাহী কমিটির আমন্ত্রণ ক্রমে উপজেলা পর্যায়ের প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তাগণ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ, সরকারী দপ্তরসমূহের মাঠ পর্যায়ের সম্প্রসারণ কর্মীসহ অন্যান্য বিদ্যোৎসাহী ব্যক্তিগণ অংশগ্রহণ করতে পারবেন।

সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য

- ১। শিক্ষক-অভিভাবকদের মধ্যে সম্পর্ক তৈরি করা।
- ২। শিক্ষক -অভিভাবকদের যৌথ প্রয়াসে শিক্ষার গুনগত মানোন্নয়নের জন্য গৃহীত উদ্যোগকে জোরদার করা।
- ৩। বিদ্যালয়ের সার্বিক কর্মকান্ডে অভিভাবকদের সম্পৃক্ত করা।
- ৪। তৃণমূল পর্যায়ে জবাবদিহিতে প্রতিষ্ঠা করা।
- ৫। শিক্ষক-অভিভাবকদের দায়িত্ব ও কর্তব্যের মূল্যায়ন করা।
- ৬। স্থানীয় ভাবে সমস্যার সমাধানকে উৎসাহিত করা।
- ৭। কল্যাণ ট্রাস্ট গঠন।

ছান্নেহ আহম্মদ
স্নেহবাগ, নোয়াখালী
০১৭২৭-২৩২৩৬০